



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন : ০২২২৩৩৮৬৯৩১
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২৩৫
e-mail : dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২০)/২০২০-২০২১/৮৯৮

তারিখঃ ২৭.০৫.২০২১

- ১। মহাব্যবস্থাপক, লোকাল প্রিন্সিপাল অফিস
 - ২। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা
 - ৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
 - ৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
- বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ ব্যাংকের ১০.০৬.২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং ১২ এর আওতায় ৩১.০৩.২০২০ তারিখ স্থিতি ভিত্তিক এপ্রিল ও মে/২০২০ মাসের হিসাবায়িত মওকুফকৃত সুদ সংশ্লিষ্ট ঋণগ্রহীতার হিসাবে প্রদানসহ এতদসংশ্লিষ্ট চূড়ান্ত হিসাব প্রণয়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামাধীন বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ১০.০৬.২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং ১২ এর আওতায় অত্র বিভাগের ২৩.০৬.২০২০ তারিখের হিসাব সার্কুলার লেটার নং-০১/২০২০ এবং এতদবিষয়ক সর্বশেষ জারীকৃত ১৭.০১.২০২১ তারিখের অভিন্ন নথির পত্র নং ৬১৯ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার লেটারের মাধ্যমে ৩১.০৩.২০২০ তারিখ স্থিতি ভিত্তিক এপ্রিল ও মে/২০২০ দুই মাসের শুধুমাত্র অশ্রেণীকৃত ঋণের (অশ্রেণীকৃত পুনঃতফসীল ঋণ এবং এফডিআর/স্কীমের বিপরীতে প্রদত্ত অন্যান্য ঋণ ব্যতীত) সুদ হিসাবায়নপূর্বক এর হিসাবায়ন পদ্ধতি বর্ণনাসহ মার্চ পর্যায় থেকে তথ্যাদি সংগ্রহ করতঃ সুদ ভর্তুকি প্রাপ্তির লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হয়েছিল।

০৩। পরবর্তীতে সকল ধরনের অশ্রেণীকৃত ঋণ অর্থ্যাৎ পুনঃতফসীল ঋণ এবং এফডিআর/স্কীমের বিপরীতে প্রদত্ত অন্যান্য ঋণও এ সুবিধার আওতাধীন হবে মর্মে বাংলাদেশ ব্যাংক থেকে অবহিত করা হয় এবং আওতাভুক্ত প্রত্যেক ঋণগ্রহীতার তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। এতদপ্রেক্ষিতে অত্র বিভাগের ১৭.০১.২০২১ তারিখের পত্র নং ৬১৯ এর মাধ্যমে সকল শাখা থেকে সুবিধার আওতাভুক্ত ঋণসমূহের অর্থ্যাৎ পুনঃতফসীল ও অন্যান্য ঋণসহ সকল অশ্রেণীকৃত ঋণসমূহের তথ্য প্রেরণের জন্য বলা হলে মার্চ পর্যায় হতে সুদ ভর্তুকীর পরিমাণ ও প্রত্যয়নপত্রসহ এতদসংক্রান্ত সকল ধরনের অশ্রেণীকৃত (অশ্রেণীকৃত ঋণ, পুনঃতফসীলকৃত অশ্রেণীকৃত ঋণ এবং এফডিআর/স্কীমের বিপরীতে প্রদত্ত অন্যান্য ঋণ) ঋণগ্রহীতার তালিকা প্রদান করা হয়। ঋণগ্রহীতার তথ্যাদি এবং প্রত্যয়নপত্রের ভিত্তিতে দাবী পেশ করা হলে বাংলাদেশ ব্যাংক থেকে সুদ ভর্তুকী প্রদান করা হয়। আলোচ্য পত্র জারীর অব্যবহতি পরেই প্রাপ্ত সুদ ভর্তুকী নিম্নোক্তভাবে মার্চ কার্যালয়ে প্রেরণ করা হবে।

অঞ্চলভুক্ত সকল শাখা :

অত্র বিভাগ কর্তৃক অঞ্চলভুক্ত সকল শাখার মোট সুদ ভর্তুকী একটি মাত্র ক্রেডিট এ্যাডভাইসের মাধ্যমে অঞ্চল প্রধান শাখার উপর ইস্যু করে অগ্রগামী পত্র ও শাখার সুদ ভর্তুকীর তালিকা সহকারে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক বরাবর প্রেরণ করা হবে।

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক শাখার সুদ ভর্তুকীর তালিকা ও ক্রেডিট এডভাইস প্রধান শাখায় প্রেরণসহ এ্যাডভাইসটি সাড়া প্রদানপূর্বক এ্যাডভাইসের সংগে সংযুক্ত তালিকা মোতাবেক প্রধান শাখাকে সংশ্লিষ্ট শাখাসমূহের উপর সমপরিমাণ সুদ ভর্তুকী ক্রেডিট এ্যাডভাইস প্রেরণের নির্দেশনাসহ প্রধান শাখার নিজের প্রাপ্ত সুদ ভর্তুকী সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের হিসাবে হিসাবায়ন করার নির্দেশনা প্রদান করবেন।

প্রাপ্ত সুদ ভর্তুকীর এ্যাডভাইস সাড়া প্রদানপূর্বক প্রধান শাখা নিজের প্রাপ্ত সুদ ভর্তুকী সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের হিসাবে হিসাবায়ন করবেন এবং তালিকা মোতাবেক সংশ্লিষ্ট শাখায় সুদ ভর্তুকীর এ্যাডভাইস প্রেরণ করবেন। শাখাসমূহ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের হিসাবে ভর্তুকীর হিসাবায়ন করবে এবং সর্বোপরি প্রধান শাখাসহ সকল শাখা এতদসংশ্লিষ্ট আনুষঙ্গিক হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করবেন।

এলপিও এবং কর্পোরেট শাখা :

অত্র বিভাগ কর্তৃক সরাসরি এলপিও/কর্পোরেট শাখার উপর সুদ ভর্তুকীর ক্রেডিট এ্যাডভাইস প্রেরণ করা হবে। এ্যাডভাইসটি সাড়া প্রদানপূর্বক প্রাপ্ত সুদ ভর্তুকী সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের হিসাবে হিসাবায়ন করতঃ এতদসংশ্লিষ্ট আনুষঙ্গিক হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করবেন।

০৪। সকল শাখা নিম্নোক্ত হিসাবায়ন পদ্ধতি অনুসরণপূর্বক সংশ্লিষ্ট ঋণ হিসাবে প্রাপ্ত সুদ ভর্তুকী হিসাবায়নসহ এতদসংশ্লিষ্ট আনুষঙ্গিক হিসাবায়ন পদ্ধতি সম্পন্ন করবে। এতদসংক্রান্ত চূড়ান্ত হিসাবায়ন পদ্ধতি নিম্নে প্রদান করা হলো :

চলমান পাতা-২

ক) অশ্রেণীকৃত ঋণের ক্ষেত্রে হিসাবায়ন (প্রযোজ্য ক্ষেত্রে) :

ডেবিট	ক্রেডিট
যদি ইতোপূর্বের সম্পন্নকৃত হিসাবায়নে ১৩১/১৬৩ খাতে এবং ১৩১/১৭১ খাতে অতিরিক্ত সুদ হিসাবায়ন করা হয়ে থাকে তাহলে নিম্নোক্ত হিসাবায়ন সম্পন্নপূর্বক উপর্যুক্ত হিসাবায়ন সম্পন্ন করতে হবে।	
সংশ্লিষ্ট ঋণ হিসাব যদি ইতোপূর্বের সম্পন্নকৃত হিসাবায়নে ১৩১/১৬৩ খাতে মওকুফ অতিরিক্ত সুদ হিসাবায়ন করা হয়ে থাকে তাহলে	১৩১/১৬৩-করোনা সুদবিহীন ব্লকড হিসাব (মওকুফ অতিরিক্ত সুদ)
সংশ্লিষ্ট ঋণ হিসাব যদি ইতোপূর্বের সম্পন্নকৃত হিসাবায়নে ১৩১/১৭১ খাতে মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য অতিরিক্ত সুদ হিসাবায়ন করা হয়ে থাকে তাহলে	১৩১/১৭১-করোনা সুদবিহীন ব্লকড মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ (মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য অতিরিক্ত সুদ)
যদি ইতোপূর্বের সম্পন্নকৃত হিসাবায়নে ১৩১/১৬৩ খাতে এবং ১৩১/১৭১ খাতে কম সুদ হিসাবায়ন করা হয়ে থাকে তাহলে নিম্নোক্ত হিসাবায়ন সম্পন্নপূর্বক উপর্যুক্ত হিসাবায়ন সম্পন্ন করতে হবে।	
১৩১/১৬৩-করোনা সুদবিহীন ব্লকড হিসাব (মওকুফকৃত সুদের যে পরিমাণ সুদ কম হিসাবায়ন করা হয়েছে)	সংশ্লিষ্ট ঋণ হিসাব যদি ইতোপূর্বের সম্পন্নকৃত হিসাবায়নে ১৩১/১৬৩ খাতে মওকুফকৃত সুদের কম সুদ হিসাবায়ন করা হয়ে থাকে তাহলে
১৩১/১৭১-করোনা সুদবিহীন ব্লকড মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ (মওকুফকৃত অবশিষ্ট আদায়যোগ্য সুদের যে পরিমাণ সুদ কম হিসাবায়ন করা হয়েছে)	সংশ্লিষ্ট ঋণ হিসাব যদি ইতোপূর্বের সম্পন্নকৃত হিসাবায়নে ১৩১/১৭১ খাতে মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদের কম সুদ হিসাবায়ন করা হয়ে থাকে তাহলে

খ) অন্যান্য ঋণের (এফডিআর/স্কীমের বিপরীতে প্রদত্ত ঋণ) ক্ষেত্রে হিসাবায়ন :

ডেবিট	ক্রেডিট
১৩১/১৬৩-করোনা সুদবিহীন ব্লকড হিসাব (২ মাসের মওকুফকৃত সুদ)	সংশ্লিষ্ট ঋণ হিসাব (২ মাসের মওকুফকৃত সুদ)
১৩১/১৭১-করোনা সুদবিহীন ব্লকড মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ (২ মাসের ধার্যকৃত সুদের মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ) ● হিসাবায়নটি ৩০ জুন/২০২১ এর পূর্বে সমাধা করতে হবে।	সংশ্লিষ্ট ঋণ হিসাব (২ মাসের ধার্যকৃত সুদের মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ)

গ) পুনঃতফসীলকৃত ঋণের ক্ষেত্রে হিসাবায়ন :

ডেবিট	ক্রেডিট
সংশ্লিষ্ট ঋণ হিসাব (২ মাসের ধার্যকৃত সুদ) ● ৩১.০৩.২০ তারিখ স্থিতি ভিত্তিক এপ্রিল ও মে/২০২০ দুই মাসের সুদ ধার্য প্রযোজ্য হলে হিসাবায়নটি করতে হবে।	৫২ স্থগিত সুদ হিসাব
১৩১/১৬৩-করোনা সুদবিহীন ব্লকড হিসাব (২ মাসের মওকুফকৃত সুদ)	সংশ্লিষ্ট ঋণ হিসাব (২ মাসের মওকুফকৃত সুদ)
১৩১/১৭১-করোনা সুদবিহীন ব্লকড মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ (২ মাসের ধার্যকৃত সুদের মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ) ● হিসাবায়নটি ৩০ জুন/২০২১ এর পূর্বে সমাধা করতে হবে।	সংশ্লিষ্ট ঋণ হিসাব (২ মাসের ধার্যকৃত সুদের মওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ)

ঘ) উপর্যুক্ত ক (প্রযোজ্য ক্ষেত্রে), খ ও গ এর সকল হিসাবায়ন সম্পন্ন করার পর প্রাপ্ত এ্যাডভাইসের ভিত্তিতে নিম্নোক্ত হিসাবায়ন সম্পন্ন করতে হবে :

ডেবিট	ক্রেডিট
১১১৪/১১৫-বিকেবি সাধারণ হিসাব (প্রধান কার্যালয়/অঞ্চল প্রধান শাখা কর্তৃক মুওকুফকৃত সুদের ক্রেডিট এ্যাডভাইস পাওয়া সাপেক্ষে) • ১১১৪ : এলপিও, প্রধান শাখা/প্রধান কার্যালয় হতে এ্যাডভাইস ইস্যুকৃত শাখা এবং কর্পোরেট শাখার ক্ষেত্রে • ১১৫ : অন্যান্য শাখার ক্ষেত্রে	১৩১/১৬৩-করোনা সুদবিহীন ব্লকড হিসাব (২ মাসের মুওকুফকৃত সুদ)
৫২-স্থগিত সুদ হিসাব (মুওকুফকৃত সুদ) • শুধুমাত্র পুনঃতফশীল ঋণের (উপঅনুচ্ছেদ-গ) ক্ষেত্রে মুওকুফকৃত সুদের অংশ ৫২ স্থগিত সুদ হিসাবে থাকলে।	৪৬/১-ঋণ সুদের আয়খাত (মুওকুফকৃত সুদ)

ঙ) মুওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ (১৩১/১৭১) যা সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তর করা হয়েছিল তার হিসাবায়ন ৩০-০৬-২০২১ তারিখের পরে নিম্নোক্তভাবে সম্পন্ন করতে হবে :

সংশ্লিষ্ট ঋণ হিসাব (২ মাসের ধার্যকৃত সুদের মুওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ) • হিসাবায়নটি ৩০ জুন/২০২১ এর পরে সমাধা করতে হবে।	১৩১/১৭১-করোনা সুদবিহীন ব্লকড মুওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ (২ মাসের ধার্যকৃত সুদের মুওকুফ অবশিষ্ট আদায়যোগ্য সুদ)
--	--

আপনার বিশ্বস্ত,

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২০)/২০২০-২০২১/৮৯৮(১২৫০)

তারিখঃ ২৭.০৫.২০২১

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা
- ০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বিকেবি
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, লোকাল প্রিন্সিপ্যাল অফিস/বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি
- ০৬। নথি/মহানথি

(আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক